

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৪৩. তারুদীরে অবিশ্বাস

তারুদীরে অবিশ্বাস করাও একটি কবীরা গুনাহ্ তথা কুফরিও বটে। তাই তো তারুদীরে অবিশ্বাসকারী জান্নাতে প্রবেশ করবে না এবং জাহান্নামই হবে তার ঠিকানা।

আবুদারদা' (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا يَدْخُلُ الْجَنَّةَ عَاقٌّ وَلَا مُدْمِنُ خَمْرٍ وَلَا مُكَذِّبٌ بِقَدَرٍ.

''মাতা-পিতার অবাধ্য, মদ্যপানে অভ্যন্ত এবং তারুদীরে অবিশ্বাসী ব্যক্তিরা জান্নাতে প্রবেশ করবে না''। (আহমাদ : ৬/৪৪১ সা'হীহাহ্, হাদীস ৬৭৫)

উবাই বিন কা'ব, 'হুযাইফাহ্, আব্দুল্লাহ্ বিন মাস্'উদ ও যায়েদ বিন সাবিত (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَوْ أَنَّ اللهَ عَذَّبَ أَهْلَ سَمَاوَاتِهِ وَأَهْلَ أَرْضِهِ لَعَذَّبَهُمْ وَهُوَ غَيْرُ ظَالِمٍ لَهُمْ، وَلَوْ رَحِمَهُمْ لَكَانَتْ رَحْمَتُهُ خَيْرًا لَهُمْ مِنْ أَعْمَالِهِمْ، وَلَوْ كَانَ لَكَ جَبَلُ أُحُد ذَهَبًا ـ تُنْفِقُهُ فِيْ سَبِيْلِ اللهِ مَا قَبِلَهُ مِنْكَ حَتَّى تُوْمِنَ مِنْ أَعْمَالِهِمْ، وَلَوْ كَانَ لَكَ جَبَلُ أُحُد ذَهَبًا ـ تُنْفِقُهُ فِيْ سَبِيْلِ اللهِ مَا قَبِلَهُ مِنْكَ حَتَّى تُوْمِنَ بِالْقَدَرِ كُلِّهِ، فَتَعْلَمَ أَنَّ مَا أَصَابَكَ لَمْ يَكُنْ لِيُحْطِئَكَ، وَمَا أَخْطَأَكَ لَمْ يَكُنْ لِيُصِيْبَكَ، وَأَنَّكَ إِنْ مُتَ عَلَى غَيْرِ هَذَا لَا اللهَ اللهَ مَا أَصَابَكَ لَمْ يَكُنْ لِيُحْطِئَكَ، وَمَا أَخْطَأَكَ لَمْ يَكُنْ لِيُصِيْبَكَ، وَأَنَّكَ إِنْ مُتَ عَلَى غَيْرِ هَذَا لَكَ لَا اللهَ مَا أَلَكَ إِنْ مُتَ عَلَى غَيْرِ هَذَا لَا اللهَ مَا أَلَكُ لَمْ مَا أَصَابَكَ لَمْ يَكُنْ لِيُصِيْبَكَ، وَأَنَّكَ إِنْ مُتَ عَلَى غَيْرِ هَذَا

"আল্লাহ্ তা'আলা যদি ভূমন্ডল ও নভোমন্ডলের সকলকেই শান্তি দেন তা হলে তিনি তা দিবেন অথচ তিনি তাতে যালিম বলে বিবেচিত হবেন না। আর যদি তিনি সকলকে দয়া করেন তা হলে তাঁর দয়াই হবে তাদের জন্য সর্বোত্তম তাদের আমল চাইতেও। যদি তোমার উ'হুদ পাহাড় বা উ'হুদ পাহাড় সমতুল্য স্বর্ণ থাকে এবং তা তুমি সবই আল্লাহ্ তা'আলার রাস্তায় খরচ করে দিলে তা হলে আল্লাহ্ তা'আলা তোমার পক্ষ থেকে তা কখনোই কবুল করবেন না যতক্ষণ না তুমি তারুদীরের (ভালো-মন্দ) পুরোটার উপরই দৃঢ় বিশ্বাস আনবে এবং এও বিশ্বাস করবে যে, তোমার ভাগ্যে যা ঘটেছে তা না ঘটে পারতো না এবং যা ঘটেনি তা কখনোই ঘটতো না। তুমি যদি এ বিশ্বাস ছাড়াই ইন্তেকাল করলে তা হলে তুমি জাহান্নামে যাবে"। (ইন্দু মাজাহ্ ৭৬ আবু 'আস্থিম/আস্-সুন্নাহ্ : ২৪৫) যারা তারুদীরে অবিশ্বাসী তারা রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর ভাষায় এ উম্মতের অগ্নিপূজক বলে আখ্যায়িত। তারা অসুস্থ হলে তাদের সাথে সাক্ষাৎ করে তাদের কুশলাদি জানা যাবে না। মরে গেলে তাদের নামাযে জানাযায় উপস্থিত হওয়া যাবে না এবং কোথাও তাদের সাথে সাক্ষাৎ হলে তাদেরকে সালাম করা যাবে না।

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন: إِنَّ مَجُوْسَ هَذِهِ الْأُمَّةِ الْمُكَذَّبُوْنَ بِأَقْدَارِ اللهِ، إِنْ مَرِضُوْا فَلَا تَعُوْدُوْهُمْ، وَإِنْ مَاتُوْا فَلَا تَشْهَدُوْهُمْ، وَإِنْ لَقِيْتُمُوْهُمْ



فَلَا تُسَلِّمُوا عَلَيْهمْ.

"নিশ্চয়ই তারুদীরে অবিশ্বাসীরা এ উম্মতের অগ্নিপূজক। তারা অসুস্থ হলে তাদের সাথে সাক্ষাৎ করে তাদের কুশলাদি জানা যাবে না। মরে গেলে তাদের নামায়ে জানাযায় উপস্থিত হওয়া যাবে না এবং কোথাও তাদের সাম্বোৎ হলে তাদেরকে সালাম করা যাবে না"।

(ইব্নু মাজাহ্ ৯১ ত্বাবারানী/সগীর, হাদীস ১২৭ আবূ 'আস্বিম/আস্-সুন্নাহ্ : ৩২৮)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6717

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন